ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৭৭৬
আগরতলা, ৮ সেপ্টেম্বর, ২০২৫

**পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক বর্ষামঙ্গল উৎসব অনুষ্ঠিত**

জিরানীয়ার গুরুকুল কমিউনিটি হলে আজ তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং জিরানীয়া পঞ্চায়েত সমিতির সহযোগিতায় অনুষ্ঠিত হয় পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক বর্ষামঙ্গল উৎসব। এর আনুষ্ঠানিক উদ্বোধন করে জিরানীয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান প্রীতম দেবনাথ বলেন, সবুজ বন এবং বন্যপ্রাণী হচ্ছে প্রকৃতির অনন্য রূপ। কিন্তু নানা কারণে আজ প্রকৃতির উপর আঘাত আসছে। এতে প্রাকৃতিক ভারসাম্য বিনষ্ট হওয়ার উপক্রম হচ্ছে। বর্ষামঙ্গল উৎসব উদযাপনের মধ্য দিয়ে আমাদের সকলকে সবুজ বন এবং বন্যপ্রাণীদের রক্ষা করার অঙ্গীকার নিতে হবে। অনুষ্ঠানে বর্ষা ও প্রকৃতির ভারসাম্য নিয়ে বক্তব্য রাখেন জিরানীয়া মহকুমার মহকুমা শাসক অনিমেষ ধর। স্বাগত বক্তব্য রাখেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ অধিকর্তা মনোজ দেববর্মা। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য পার্থ সারথী সাহা, জিরানীয়ার বিডিও তুষার আলম, বিশিষ্ট সমাজসেবী রঞ্জিত রায় চৌধুরী, মজলিশপুর গ্রাম পঞ্চায়েতের প্রধান যতীন্দ্র দেবনাথ, উপ প্রধান দুলাল ভট্টাচার্য প্রমুখ।

বর্ষামঙ্গল উৎসব উপলক্ষ্যে অনুষ্ঠিত হয় শিশুদের তিনটি বিভাগে বসে আঁকো ও উন্মুক্ত ক্যুইজ প্রতিযোগিতা। এছাড়া অনুষ্ঠানে জিরানীয়া কৃষি মহকুমার সেরা কৃষকের সম্মান হিসাবে সম্বর্ধনা দেওয়া হয় দিলীপ দেবনাথ, সাগর সরকার ও সান্ত্বনা দেববর্মাকে। অতিথিগণ অনুষ্ঠানে বসে আঁকো প্রতিযোগিতার তিনটি বিভাগের প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বিজয়ীর হাতে এবং ক্যুইজে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন। সেইসাথে অতিথিগণ সেরা কৃষকদের হাতে সম্বর্ধনাপত্র তুলে দেন। বর্ষামঙ্গল উৎসব উপলক্ষ্যে আয়োজিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। এলাকার বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ এই অনুষ্ঠানে সংগীত, নৃত্য ও আবৃত্তি পরিবেশন করেন। অনুষ্ঠান শেষে বিশিষ্ট অতিথিগণ গুরুকুল কমিউনিটি হল প্রাঙ্গণে বৃক্ষ রোপন করেন।

*****